ইত্তেফাক

তারিখ ৮-১২-৮২
পৃষ্ঠা ৬ কলাম ৫

471

069

## জাতীয় প্রশিক্ষণ পরিষদ গঠন

সংস্থাপনমন্ত্রী মজিদ-উল-হক বলেন, সরকার দেশের বিভিন্ন ট্রেনিং ইনষ্টিটিউটের মধ্যে সমন্বয় সাধন এবং একটি জাতীয় প্রশিক্ষণ নীতি প্রণয়নের উদ্দেশ্যে জাতীয় প্রশিক্ষণ পরিষদ গঠন করিয়াছেন।

গত শুক্রবার নিপা'তে উচ্চতর প্রশিক্ষণপ্রাপ্ত ২১ জন কর্মকর্তাকে সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে বক্তৃতাকালে মন্ত্রী বলেন, দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে দেশের দ্রুত উন্নয়নের জন্য সরকার অফিসার ও কর্মচারীদের প্রশিক্ষণের উপর সর্বাধিক গুরুত্ব দিয়াছেন।

সংস্থাপন মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে নিপা'র মহাপরিচালক ডঃ শেখ মোখসেদ আলীও বক্তৃতা করেন।